দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৭

তারিখ 08 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 2

৩৭

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# হাজার হাজার ছাত্র-ছাত্রী ও শিক্ষক ক্যাম্পাসে আটকা পড়েছিলেন

॥ চট্টগ্রাম বিঃ রিপোর্টার ॥

চট্টগ্রাম, ৭ জানুয়ারী।— বাস চালক ও ছাত্রদের মধ্যে সংঘটিত এক অপ্রীতিকর ঘটনার প্রেক্ষিতে আজ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হাজার হাজার ছাত্র-ছাত্রী এবং প্রায় ২শ' শিক্ষক রাত ৮টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে আটকা পড়েছিলেন।

আজ দুপুর সাড়ে ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের ১ নম্বর সড়কে ছাত্ররা একটি বাস থামাতে চাইলে বাসটি থামেনি। ফলে ছাত্ররা বাসটিতে ইট-পাটকেল নিক্ষেপ করে। এর কিছুক্ষণ পর বাস চালকরা স্থানীয় জনগণকে সাথে নিয়ে ১ নম্বর গেটে ছাত্রদের উপর হামলা চালায়। দুপুর ১টায় দু'টি শিক্ষক বাস বিশ্ববিদ্যালয় থেকে শহরে আসার সময় বাস চালক ও স্থানীয় জনগণ শিক্ষকদের বাসেও হামলা চালায়। ফলে বাস দু'টি

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ক্যাম্পাসে ফিরে যায়। এ খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে বেশ কিছু ছাত্র ঘটনাস্থলে আসে, এ সময় ছাত্রদের সাথে হামলাকারীদের সংঘর্ষে ৭ জন ছাত্র আহত হয়।

পরে ছাত্ররা বেশ কয়েকটি যাত্রীবাহী বাস ভাঙ্গচুর করে এবং ১টি বাস ক্যাম্পাসে নিয়ে আসে। এরপর থেকে চট্টগ্রাম-রাঙ্গামাটি সড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।